



(একই পত্র সংখ্যা ও তারিখের স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বহিরাগমন-২

www.ssd.gov.bd



পত্র সংখ্যা-৫৮.০০.০০০০.০৮১.০২১.০০৬.২০-১০০৭

তারিখ : ০১ আগস্ট ১৪২৮-বং

১৬ সেপ্টেম্বর ২০২১ খ্রি

বিষয় : ভারতে চলমান পরিস্থিতির প্রেক্ষাপটে বাংলাদেশ-ভারত স্থলবন্দর দিয়ে যাত্রী চলাচল বিষয়ে পররাষ্ট্র সচিব এর সভাপতিতে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের পর্যালোচনা সভা ও দশম আন্ত:মন্ত্রণালয় বৈঠকের কার্যবিবরণী।

সূত্র : পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র সংখ্যা-১৯.০০.০০০০.৮১.৮১.২৬৪.২০-১০০০; তারিখ: ১৪-০৯-২০২১।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৪.৯.২০২১ খ্রি তারিখ পররাষ্ট্র সচিব(সিনিয়র সচিব)-এর সভাপতিতে ভারতে চলমান পরিস্থিতির প্রেক্ষাপটে বাংলাদেশ-ভারত স্থলবন্দর দিয়ে যাত্রী চলাচল বিষয়ে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভায় কার্যবিবরণীর ১২(ক) ও ১১(খ) ক্রমিকের সিদ্ধান্তের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রম	সিদ্ধান্ত
১১(ক)	কোডিড-১৯ পরিস্থিতির প্রেক্ষাপটে, বর্তমানে যাত্রী চলাচলের জন্য সীমিত পরিসরে চালুকৃত বেনাপোল, আখাউড়া, বুড়িমারী, হিলি, দর্শনা ও সোনামসজিদ স্থলবন্দর দিয়ে আগামী ১৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ হতে নিয়মিত কর্মসূচা ও দিবসে স্থলবন্দরের কার্যক্রম শুরু হবে।
১১(খ)	পার্শ্ববর্তী রাষ্ট্রসমূহ এবং বাংলাদেশের সার্বিক কোডিড-১৯ পরিস্থিতির উন্নতি ও স্থলবন্দর দিয়ে যাত্রী চলাচল বৃদ্ধির প্রেক্ষাপটে উপরিলিখিত ছয়টি স্থলবন্দর ছাড়াও ১৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ হতে শেওলা, তামাবিল, বাংলাবান্দা, ভোমরা এবং বিরল স্থলবন্দর দিয়ে পরীক্ষামূলকভাবে নিয়মিত কর্মসূচা ও দিবসে যাত্রী চলাচল কার্যক্রম চালু করা হবে এবং নতুন করে পাঁচটি স্থলবন্দরের কার্যক্রম পুনরায় চালু করার বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় পরিপত্র জারির মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে। তবে চালুকৃত বন্দরসমূহে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ইমিগ্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় মেডিক্যাল দল প্রস্তুত রাখবে। জেলা প্রশাসনসমূহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাথে সমন্বয়পূর্বক প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে।

মেমু ২৭.৯.২০২১
(তরফদার মাহমুদুর রহমান)
উপসচিব
ফোন-৯৫৭৪৫৩০
E-mail : immi2@ssd.gov.bd

অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক

এসবি, রাজারবাগ, ঢাকা।

দৃ: আ: এসএস (এসসিও)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

১। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

২। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা।

৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।

৪। প্রিমিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।

৫। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, সদর দপ্তর, পিলখানা, ঢাকা।

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৭। প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (প্রাতিটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

